## ডিসেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৬.১২.২০২৩খ্রি.

সময় ঃ দুপুর ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভার শুরুতেই উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে এবং আগমী ৭ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সবাইকে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

নভেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় নভেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে নভেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ASMA - Bibith

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিরামপুর, দিনাজপুরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্তমানে খরিপ-২ (২০২৩-২০২৩ মৌসুমে রোপা আমনের লক্ষ্যমাত্রা ছিল ১৭৪৪৫ হেক্টর। এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ৫৪১১৭ মে.টন। যার মধ্যে ১৭৪৪৫ হেক্টর রোপা আমন কর্তন করা হয়েছে এবং ৫৮৯২৩ মে.টন ফলন পাওয়া গেছে। যা লক্ষ্যমাত্রার তুলনায় ৪৮০৬ মে.টন বেশী ফলন পাওয়া গেছে।<br>রবি ২০২৩-২০২৪ অর্থ বছরে আলু ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭০০ হেক্টর, বোরো ধান ১৫৩৭৭ হেক্টর, গম ১৩০ হেক্টর, ভূট্টা ১৬৬০ হেক্টর, মিষ্টি আলু ৩ হেক্টর, সবজি ১২৮০ হেক্টর, সরিষা ১৮৩০ হেক্টর, সূর্যমুখী ১৩ হেক্টর, পেঁয়াজ ১৩০ হেক্টর, রসুন ২০ হেক্টর, মরিচ ৫০ হেক্টর। এখন পর্যন্ত মাঠে ১৭৫০ হেক্টর আলু, ১৩০ হেক্টর পেঁয়াজ, ২০ হেক্টর রসুন, ১৩৫৩ হেক্টর ভূট্টা, ১২৮ হেক্টর গম, ১৮৪৫ হেক্টর সরিষা এবং ১২৭৮ হেক্টর শাকসবজি, সূর্যমুখী ১৭ হেক্টর এবং মরিচ ৫০ হেক্টর লাগানো হয়েছে। এ পর্যন্ত আলু ৭৫ হেক্টর কর্তন করা হয়েছে এবং হেক্টর প্রতি ১৮ মে. টন ফসল পাওয়া গেছে।<br>তিনি আরও জানান যে, যে সকল কৃষক খাদ্য গুদামে ধান দিতে ইচ্ছুক তারা | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লক্ষ্যমাত্রা অর্জনে মনিটরিং বৃদ্ধি করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আজ প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক মহোদয় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর পরিদর্শনে এসেছেন। সে কারণে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর দাপ্তরিক কাজে ব্যস্ত আছেন। তিনি গরুর রোগ প্রতিরোধে খুরা টিকা দেয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।<br>গত এক মাসে ১৭৯২টি গবাদি প্রাণির এবং ১৫২৬৭টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে ৩৬০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় । কৃত্রিম প্রজনন ৪২৭ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬২টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ২২৯২ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৩৫০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়নি এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান যে, চলতি মাসে গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর টিকা প্রাপ্তিঃ অক্টোবর ২০২৩ মাসে একসাথে ৩ মাসের টিকা সরবরাহ পাওয়া গেছে। বর্তমানে কোন টিকা পাওয়া যায়নি। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, রক্ষণাবেক্ষণের কাজ চলছে। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের কারণে রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহারর জন্য গাড়িসহ মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। ভোট কেন্দ্রসমূহে রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজন হলে ভোট কেন্দ্রের তালিকা দেয়ার জন্য অনুরোধ করা হয়। প্রয়োজনীয়তা দেখা দিলে জানানো হবে মর্মে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানিয়ে দেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর</td>
<td>উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর আওতায় প্রথম ও দ্বিতীয় কিস্তিতে (১৯.০৭X২)=৩৮.১৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ৩য় ও ৪র্থ কিস্তিতে সম্ভাব্য মোট (১৯.০৭X২)=৩৮.১৪ লক্ষ টাকা বরাদ্দ ধরে সর্বমোট ৭৬.২৮ লক্ষ টাকা এবং রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের আওতায় স্থানান্তরিত মোট=৬০.৬২৫২৫ লক্ষ টাকার বিভাজনসহ গৃহীত প্রকল্পের তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় উপস্থাপন করা হয়। এটি পরিশিষ্ট “গ” তে দেখানো হলো।<br><br><u>বিভাজন</u>
<table>
<tr><th>ক্রমিক</th><th>খাতের বিবরণ</th><th>শতকরা হার</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td></td><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)</td><td></td><td>৭৬,২৮,০০০/-</td></tr>
<tr><td>০১</td><td>আনুসাঙ্গিক</td><td>০.৫০%</td><td>(-) ৩৮,১৪০/-</td></tr>
<tr><td>০২</td><td>তদারকি</td><td>১.০০%</td><td>(-) ৭৬,২৮০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোট=৭৫,১৩,৫৮০/-</td></tr>
<tr><td>০৩</td><td>নারী উন্নয়ন ফোরাম</td><td>৩.০০%</td><td>(-) ২,২৫,৪০৭/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোট=৭২,৮৮,১৭৩/-</td></tr>
<tr><td>০৪</td><td>পিআইসি</td><td>৩০.০০%</td><td>২১,৮৬,৪৫২/-</td></tr>
<tr><td>০৫</td><td>দরপত্র</td><td>৭০.০০%</td><td>৫১,০১,৭২১/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>সর্বমোট=৭৬,২৮,০০০/-</td></tr>
<tr><td colspan="4"></td></tr>
<tr><td></td><td>রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন)</td><td></td><td>=৬০,৬২,৫২৫/-</td></tr>
<tr><td>০১</td><td>আনুসাঙ্গিক</td><td>০.৫০%</td><td>(-) ৩০,৩১২/-</td></tr>
<tr><td>০২</td><td>তদারকি</td><td>১.০০%</td><td>(-) ৬০,৬২৫/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোট=৫৯,৭১,৫৮৮/-</td></tr>
<tr><td>০৩</td><td>নারী উন্নয়ন ফোরাম</td><td>৩.০০%</td><td>(-) ১,৭৯,১৪৭/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোট=৫৭,৯২,৪৪১/-</td></tr>
<tr><td>০৪</td><td>পিআইসি</td><td>৩০.০০%</td><td>১৭,৩৭,৭৩২/-</td></tr>
<tr><td>০৫</td><td>দরপত্র</td><td>৭০.০০%</td><td>৪০,৫৪,৭০৯/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>সর্বমোট=৬০,৬২,৫২৫/-</td></tr>
</table>
</td>
<td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) ও রাজস্ব উদ্বৃত্তের অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহের কাজ যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।</td>
<td>১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।</td>
</tr>
<tr>
<td>আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ)</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী, BADC সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না।</td>
<td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>১.২.৩.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর।</td>
</tr>
<tr>
<td>আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন</td>
<td>সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সেচের লাইসেন্সের জন্য প্রাপ্ত আবেদনের ভিত্তিতে সরেজমিন সঠিকভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দ্রুত দাখিল করার জন্য অনুরোধ করেন।</td>
<td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর।</td>
</tr>
<tr>
<td>আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা</td>
<td>নির্বাচনী দায়িত্বে নিয়োজিত থাকায় অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত থাকতে না পারায় বিরামপুর থাকা সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না।</td>
<td>১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১-২. অফিসার ইনচার্জ বিরামপুর থানা</td>
</tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিতরণের জন্য বই পৌছেঁ গেছে। বিদ্যালয়গুলোতে ২৭ ও ২৮ ডিসেম্বর ২০২৩ বই পাঠানো হবে। ১ জানুয়ারি ২০২৪ তারিখে একযোগে উৎসবমুখর পরিবেশে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হবে। শীতকালিন ছুটি শেষে ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখে বিদ্যালয়ের কার্যক্রম শুরু হবে। আলোচনা করে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর অনুরোধ করেন।দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য নির্বাচিত কেন্দ্রগুলোর সংস্কার কাজ দেখবেন মর্মে অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিস্যার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, ১ জানুয়ারি ২০২৪ তারিখে একযোগে উৎসবমুখর পরিবেশে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হবে। ইতোমধ্যে বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের মাঝে বিতরণের জন্য বই পৌছেঁ গেছে। ব্যানার করা হবে এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যগণ বই বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। তিনি আরও জানান যে, ৬ষ্ঠ এবং ৭ম শ্রেণির নতুন কারিকুলাম অনুযায়ী পাঠদান কার্যক্রম বাস্তবায়নের জন্য ১১টি বিষয়ের ৫৯৪ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরে অবশিষ্ট শিক্ষকগণকে পর্যায়ক্রমে বর্ণিত প্রশিক্ষণ প্রদান করা হবে। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের কারণে বই বিতরণ অনুষ্ঠানে রাজনৈতিক বক্তব্য প্রদান করা থেকে বিরত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভার মাধ্যমে সবাইকে অনুরোধ করেন। এ ছাড়াও মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। শিক্ষা প্রতিষ্ঠানে ইন হাউজ প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার বৃদ্ধি পেয়ে ৯২% হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্ত সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়েছে। তিনি সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে নিজ নিজ ওয়েব পোর্টাল হাল নাগাদ করার প্রয়োজনু ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। রেজাল্ট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS)-এ রেজাল্ট এন্ট্রি দিতে হবে। এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সবাইকে দায়িত্বশীল হওয়ার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লগইন করাসহ স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য পুনরায় অনু রোধ করা হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক চলতি মাস পর্যন্ত ০৯টি প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক ট্রেডে ০৩ মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে মর্মে অবহিত করেন।<br>পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩২,০০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২২,৫৬,০০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=২২,৪০,৩৬০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৯%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে =৩,০৩,০৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৬২,৫২,৪০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২,৩৯,৫৭,২২১/- টাকা এবং আদায় হার শতকরা ৯১%।<br>আশ্রয়ন প্রকল্পের আওতায় গৃহহীনদের জন্য একক গৃহের বাসিন্দাদের জীবনমান উন্নয়নে উপজেলা যুব উন্নয়ন অফিসারের আয়োজনে প্রশিক্ষণ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করায়উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ এ প্রসঙ্গে বলেন যে, এ প্রশিক্ষণটি গত বছর তার ইউনিয়নে হলেও এ বছর হয়নি। জবাবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান কাটলা ইউনিয়নে প্রশিক্ষণ শেষ করে খানপুর ইউনিয়নে প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের তালিকা দাখিল করার জন্য চেয়ারম্যান, খানপুর ইউপিকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, খানপুর ইউনিয়ন পরিবার কল্যাণ ক্লিনিকে পানির ব্যবস্থা না থাকায় সমস্যা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্র হিসেবে ব্যবহার হবে এমন কেন্দ্রগুলোতে পানীয়জলের ব্যবস্থা করা হয়েছে। এখন কোন সমস্যা নাই। ওয়াশব্লকের দরোজা ঠিক করা হয়েছে।<br>উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, বিল্ডিং এর কিছু অংশ বাদ থাকায় দেখতে দৃষ্টিকটু লাগে। উপ-পরিচালক মহোদয় পরিদর্শনে এসে বাদ দেয়া অংশটির কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ), বিরামপুরকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাচন অফিসের টিউবওয়েলটি মেরামত করে দেয়ায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ), বিরামপুরকে উপজেলা নির্বাহী অফিসার ধন্যবাদ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২য় পর্যায়ের অনুমোদন পেলে কাজ শুরু করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আশ্রয়ন প্রকল্পে রেজিস্ট্রেশনের কাজ ধীর গতিতে চলছে। পশ্চিম জয়দেবপুরে ১টি হয়েছে আরও ৩টি করবেন। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগীতায় তাকে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের কাজে ব্যস্ত থাকায় সভায় উপস্থিত হতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১-২. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ডিসেম্বর ২০২৩ হতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ঋণ আদায় বৃদ্ধি পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঘাটতি পূরণ হয়েছে। ৯৮% ঋণ আদায় হয়েছে। ওভারডিউ মন্থর গতিতে চলছে। তিনি আরও জানান যে, তার ১৩ জন স্টাফ রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ৪র্থ শ্রেণির সকল কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করার জন্য তাকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৩টি উঠান বৈঠক হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কর্তৃক ডায়াবেটিকস ও ওজন মাপা যন্ত্র প্রদান করায় তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুরের পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসারকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>২. তিনি সভায় উল্লেখ করেন যে, গত ১৫ নভেম্বর'২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১২ তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার এবং স্থানীয় সরকার বিভাগের MIS-এ তথ্য হালনাগাদকরার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। যার প্রেক্ষিতে গত ১৮ ডিসেম্বর'২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব স্বাক্ষরিত ৪৬.০০.০০০০.০৪৫.১৪.০০৯.২৩-১০৭৯ নং স্মারকে একটি পত্র প্রদান করা হয়েছে। উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে অন্যান্য তথ্য সহ নিম্নবর্ণিত তথ্যসমূহ হালনাগাদ থাকতে হবেঃ<br>১) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী<br>২) ১৭ টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী<br>৩) অর্থ বছরের বার্ষিক অনুমোদিত বাজেট<br>৪) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা<br>৫) পঞ্চবার্ষিকী পরিকল্পনা<br>৬) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) প্রতিবেদন<br>৭) বার্ষিক আয় ব্যয় বিবরণী<br>৩. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) ষষ্ঠ পর্যায়ে (২০২১-২২)অবকাঠামো উন্নয়নঅর্থবছরেরউপ-প্রকল্পের দুইটি প্রকল্পের মধ্য ১ নং প্রকল্পটি হলো বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নীচু বেঞ্চ বিতরণ, ২নং প্রকল্পটি হলো বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান বিতরণ। দুটি প্রকল্পেরই ওয়ার্ক অর্ডার দেয়া হয়েছে। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয় কর্তৃক স্বাক্ষরিত অনুমোদন পত্রের অনুসরণীয় শর্তাবলী মোতাবেক আগামী ফেব্রুয়ারী ২০২৪ এর মধ্যে কাজ সমাপ্ত করে বিল ভাউচার প্রকল্প অফিসের প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরা On line এ আপলোড করে হার্ডকপি প্রশাসনিক কর্মকর্তার নিকট জমা প্রদান করে UDF-কে জানানোর সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. প্রকল্প থেকে দেয়া সম্পদের সঠিকভাবে সংররক্ষন, রক্ষণাবেক্ষণ ও ব্যবহার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. সদস্য-সচিব, ১৭টি উপজেলা কমিটি।<br>৩.সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, হাবিবপুর হতে মুকুন্দপুর রাস্তার একটি জায়গা দেবে গেছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে রাস্তাটি নিরাপদে ব্যবহার করার প্রয়োজনীয়তার কারণে জরুরীভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে লিখিতভাবে জানানো হয়েছে। এ ছাড়া গ্রাম পুলিশগণ নিয়মিতভাবে রাতে নিয়মিতভাবে রেললাইন পাহারায় নিয়োজিত থাকায় ক্লান্ত হয়ে পড়েছে। তাদের স্থলে অন্যদের দায়িত্ব প্রদানের জন্য তিনি প্রস্তাব করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, আসন্ন নির্বাচন উপলক্ষে রাস্তাটি সংস্কার করা হবে। তাদের বিকল্প না থাকায় কষ্ট করে তাদের দায়িত্ব পালন করতে হবে।<br>এ প্রসঙ্গে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বলেন যে, মোট ৫২ জন রেললাইন পাহারায় নিয়োজিত আছেন। স্লিপার বেধে দেয়া স্থানে ৬ জন এবং রেল স্টেশনে ৬ জন মোট ১২ জন অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। আনসারের গোয়েন্দা বাহিনীর (১০+১)=১১ জন আসবেন। তাদের থাকার ব্যবস্থা করার জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বুচকি আশ্রয়ন প্রকল্পের মাটি দেবে গেছে। ফলে বসবাসকারীদের সমস্যা হচ্ছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রদত্ত টিউবওয়েল নষ্ট হয়েছে। শান্তির মোড়েরটিও নষ্ট হয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃকউক্ত টিউবএয়েল মেরামত করে দেয়ার প্রতিশ্রুতি দেয়া হয়। একক গৃহের বিদ্যুতের মিটার নিজ নামে সংযোগ দেয়ার বিষয়ে আলোচনার প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে তালিকা দিতে হবে মর্মে প্রতিনিধি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় উল্লেখ করেন।<br>তিনি আরও জানান যে, গ্রাম পুলিশগণ সঠিকভাবে নিয়মিত রেললাইন পাহারা দিচ্ছেন। এটি তিনি নিজে তদারক করেছেন। উপজেলা নির্বাহী অফিসার রেললাইন পাহারার বিষয়টি তদারক করায় চেয়ারম্যান, খানপুরকে ধন্যবাদ জানান। সেইসাথে সবাইকে সতর্ক থাকার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আশ্রয়ন প্রকল্পে যাওয়ার কোন রাস্তা নেই। রাস্তার পাশের ২টি ঘরে বিদ্যুৎ সংযোগ নেই। সংযোগ দেয়ার জন্য তিনি অনুরোধ জানান। তালিকা দেয়ার জন্য প্রতিনিধি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার ঘর নাম্বার উল্লেখ করে আবেদন করার জন্য অনুরোধ করেন। উপজেলা হতে বেপারীটোলা দূরে কিন্তু রাস্তা ভাল হওয়ায় যাতায়াতে কোন সমস্যা নাই। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টিউবএয়লে সমস্যা হচ্ছে। এ বিষয়ে অনেক আবেদন এসেছে। বেইলী ব্রীজটি শুষ্ক মৌসুমে করলে ভাল হয় মর্মে ব্রীজটি করার জন্য তিনি পুনরায় অনুরোধ করেন। উপজেলা প্রকৌশলী কর্তৃক মাপযোগ করা হয়েছে। ইরি ধান উঠার আগে ব্রীজটি করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আশ্রয়ন প্রকল্পে ৬৫টি ঘর আছে। কোন মসজিদ নেই। তারা নামাজ পড়তে পারছে না। এ পর্যায়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, UZGP থেকে ৩টি প্রকল্পের ৩০জন শ্রমিককে নিয়ে বুচকি আশ্রয়ন প্রকল্পে মাটি ভরাট করার অনুরোধ জানান। টিআর এবং কাবিখা থেকে ৫০জন শ্রমিক নিয়ে কাজ শুরু করবেন। চাকুল মুরগীর ফার্মের সামনে এবং চেয়ারম্যান জোতবানীর বাড়ির সামনের রাস্তায় বিদুতের খুঁটি দেয়ার কারণে চলাচলে অসুবিধা হচ্ছে। গাড়ি ঢুকছে না। প্রায় ১ মাস হয়ে গেছে। ট্রান্সফরমার লাগানো হয়েছে। বিষয়টি খতিয়ে দেখবেন মর্মে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, এখানে ভোট কেন্দ্র ০৭টি। মাটির রাস্তা হলেও চলাচলে কোন সমস্যা নাই। প্রত্যেক কেন্দ্র হতে উপজেলা সদরে আসতে ৩০ মি. সময় লাগবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৪<br>ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনসুষ্ঠু ও পরিচ্ছন্নভাবে সম্পন্ন করে বিরামপুরকে এগিয়ে নিবেন। দায়িত্বপ্রাপত কর্মকর্তাগণ সঠিকভাবে দায়িত্ব পালন করে বিরামপুরের সুনাম বৃদ্ধি করবেন। | -- | -- |
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে পৌরসভায় গিয়েছিলেন। ২৬,১০০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। কাটলা ইউনিয়নে সবচেয়ে বেশী সরকারি প্রাথমিকবিদ্যালয় অথচ কিন্ডার গার্ডেন স্কুলগুলোতে শিক্ষার্থীর সংখ্যা বেশী।<br>উপজেলা শিক্ষা অফিসার এ বিষয়ে বলেন যে, পাঠ দানের অনুমোদন আছে কিনা তা পর্যবেক্ষণ করা হচ্ছে। Unic ID করা হলে একই মিক্ষার্থী একাধিক প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে না। সকল শিক্ষার্থীকে পাঠ্য পুস্তক দিতে হবে।<br>সরকারের সম্পত্তি রক্ষার্থে সরকারের সিদ্ধান্ত বাস্তবায়ন করতে বদ্ধ পরিকর বলে ভাইস-চেয়ারম্যান (মহিলা) মনে করেন।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, বিনাইল ইউনিয় পরিষদ বলেন যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনার মান ভাল না হওয়ায় তার স্টাফ মেয়েকে কিন্ডার গার্ডেন স্কুলে ভর্তি করিয়েছে। | -- | -- |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**নভেম্বর/২০২৩ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা এবংবাসা ভাড়া এবং অক্টোবর ও নভেম্বর মাসের ভ্রমন ভাতা প্রদান। | =৬১,২৫০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা এবং অক্টোবর ও নভেম্বর মাসের ভ্রমন ভাতা প্রদান। (৪০০০০+৪০০০০=৮০,০০০/-) | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর নভেম্বর/২৩ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান (১৫,৯৫০+১৫,৯৫০=৩১,৯০০/-) | =৩৩,০০০/- |
| ০৪ | নভেম্বর/২০২৩ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | নভেম্বর/২০২৩ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে নভেম্বর/২০২৩ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৭ | নভেম্বর/২০২৩ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =২৪,১৪৪/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৪.৪৯/১(৪৮)　　　　　　তারিখঃ ১৮.০১.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।

০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৭. জনাব ......................................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর।

০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৯. উপজেলা...........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

১১. জনাব ........................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৮/০১/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd